



## আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।  
অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট

তারিখ : ১৫ আশ্বিন ১৪৩২  
৩০ সেপ্টেম্বর ২০২৫

### বিজ্ঞপ্তি

আসন্ন শারদীয় দুর্গাপূজা, ২০২৫ উপলক্ষ্যে আগামী ০১ অক্টোবর ২০২৫ তারিখ হতে ০৪ অক্টোবর ২০২৫ তারিখ পর্যন্ত অফিস ছুটিকালীন সময়ে আইসিএমএল এর প্রধান কার্যালয় ও শাখাসমূহের নিরাপত্তা জোরদারকল্পে ছুটিতে গমনের পূর্বে কোম্পানির সকল পর্যায়ের কর্মচারীগণকে নিম্নোক্ত বিষয়সমূহ পরিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- (ক) বৈদ্যুতিক শর্ট সার্কিটজনিত দুর্ঘটনা এড়ানোর জন্য নিজ আসন ত্যাগ করার পূর্বে সকল ধরনের বৈদ্যুতিক/ইলেকট্রনিক সামগ্রী এর সুইচ বন্ধ করা;
- (খ) ঝড় ও বৃষ্টিতে ক্ষতি এড়ানোর লক্ষ্যে দরজা/জানালা যথাযথভাবে বন্ধ করা;
- (গ) ব্যক্তিগত ড্রয়ার এর তালা/লক লাগানো হয়েছে কি-না সে বিষয়ে নিশ্চিত হওয়া;
- (ঘ) যে সকল আলমিরা/লকার-এ গুরুত্বপূর্ণ/গোপনীয় ফাইলপত্র সংরক্ষিত থাকে তা যথাযথভাবে বন্ধ করা;
- (ঙ) পানির কল যথাযথভাবে বন্ধ করা; এবং
- (চ) কোম্পানির প্রধান কার্যালয়ের প্রতিটি ফ্লোরে এবং শাখা কার্যালয়সমূহে সিকিউরিটি গার্ডের দায়িত্ব অর্পণ ও অবস্থানের বিষয়ে সুনিশ্চিত হওয়া এবং সিকিউরিটি গার্ড ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত ডিভিশন/ডিপার্টমেন্ট কর্তৃক সার্বক্ষণিক যোগাযোগ বজায় রাখা।

০২। সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/শাখা প্রধানগণ বর্ণিত বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন।

০৩। ছুটিকালীন সময়ে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা মাঝে মধ্যে অফিস ভবন আকস্মিক পরিদর্শন করবেন এবং সময়ে সময়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অবহিত করবেন (দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত)।

০৪। শারদীয় দুর্গাপূজা, ২০২৫ উপলক্ষ্যে কোম্পানির সকল কর্মচারীকে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষ হতে শুভেচ্ছা জানানো হলো।

০৫। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

(মোঃ গোলাম রব্বানী)

অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা

#### বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সকল ডিপার্টমেন্ট প্রধান, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা;
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৩। সকল অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৪। সকল উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৫। শাখা প্রধান, আইসিএমএল শাখাসমূহ;
- ০৬। অফিস কপি।

#### অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

ডিপার্টমেন্ট প্রধান, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।